

FSFL
MAGAZINE
2025
Years -2 Volume-10
https://fsflmagazine.in/
SPECIAL
MAGAZINE




E-mail - cinemashahitto@gmail.com



# সম্পাদকীয়

ওম স্বস্তি ফিল্মস ফিল্মস এর দেখতে দেখতে ১৫ বছরে পা দিয়ে দিল. অনেক বাধা অনেক বিপত্তি অনেক ঝড় বয়ে গিয়েছে এই এতগুলো বছরে সবকিছু উপেক্ষা করে আজ আমরা ১৪ থেকে ১৫ তে....

প্রথম দিনের কথা যখন প্রোডাকশন হাউস তৈরি হয়েছিল আর এখনকার চিত্রপট সম্পূর্ণই আলাদা।

অনেক প্রোডাকশন হাউসেই প্রথম সময় যারা থাকে, তারা পরবর্তী সময়ে পাওয়া যায় না কারণ অনেক দ্বন্দ্ব থাকে । তার জন্য কিন্তু এমনই এক ব্যতিক্রম প্রোডাকশন হাউস আমাদের , সেই পুরনো মানুষগুলোই হয়তো আমাদের সাথে এখনো আছে আমরা কাঁধে কাঁধ মিলিয়ে এতগুলো বছর এগিয়ে চলেছি।

এবছর আমরা আমাদের ১৫ তম বর্ষপূর্তি উপলক্ষে ও এস এফ পরিবার সম্মান এবং ১০ তম ইন্দো বাংলা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয় গত ২৪ ডিসেম্বর ২০২৪ , তার বিজয়ীদের সম্মান প্রদান এবং আমাদের হাউসের ইংরেজি নববর্ষের ক্যালেন্ডার এর শুভ মুক্তি ।

সিনেমা ও সাহিত্য
E-mail - cinemashahitto@gmail.com

আরো বেশ কিছু প্রজেক্টের শুভ উন্মোচন হতে চলেছে।

আপনাদের সকলের সহযোগিতা একটা প্রোডাকশন হাউস এত বছর ধরে সকলকে নিয়ে কাজ করে এসেছে এর পিছনে যে কর্মনিষ্ঠা ও নেপথ্য অবদান রয়েছে তাদেরকে শ্রদ্ধা জানাই

আজ এই প্রেক্ষাগৃহে চলচ্চিত্র নির্মাতা অভিনেতা অভিনেত্রী মডেল সকলে একি ছাদের তলায় ।আমরা একই আজ এই পনেরো তম বর্ষপূর্তি উৎসব একটি মিলন মেলায় পরিণত হলো সকলকে জানাই অনেক অভিনন্দন নতুনদের জানাই অনেক শুভেচ্ছা আগামী দিন আরও দীর্ঘায়িত হোক এই কামনা করি।

**ধন্যবাদ,**

শ্রী দাস
সি ই ও
ও এস ফ গ্রুপ

# শুভেচ্ছা বার্তা

# IBIFF INDIA

প্রত্যেকবারের ন্যায় এবারও আমরা সাফল্যের সহিত দশম ইন্দো বাংলা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২৪ আয়োজন করতে পেরেছি। যার অফলাইন এবং স্ক্রীনিং গত ২৪শে ডিসেম্বর ২০২৪ ফেস্টিভ্যালের অফিসিয়াল ইউটিউব চ্যানেলে এবং সিরাম অডিটোরিয়ামে স্ক্রিনিং হয়েছে। এবং ২১ই জানুয়ারি ২০২৫ কলকাতা সিরাম অডিটোরিয়ামে পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। এবছর আমরা জমা হওয়া ৫৪ টি ফিল্মের মধ্যে ২৪ টি ফিল্ম অফিসিয়াল স্ক্রিনিং এবং অ্যাওয়ার্ড নমিনেশন এর জন্য জুড়ি মেম্বার দ্বারা সিলেকশন করতে পেরেছি। আমি বিশাল বিশ্বাস এই ফেস্টিভ্যালের সম্পাদক এর দায়িত্বে রয়েছি গত ২০২০ সাল থেকে। এমন একটা ফেস্টিভ্যালের সঙ্গে যুক্ত হতে করে নিজেকে গর্বিত বোধ করি। আমি এই ফেস্টিভ্যালে যুক্ত হওয়ায় অনেক ক্রিয়েটিভ ডিরেক্টরের প্রজেক্ট দেখবার সুযোগ পেয়েছি। এমনকি তাদের প্রাপ্য সম্মান দেওয়ার জায়গাটাও পেয়েছি। আমাদের এই ফেস্টিভ্যাল নতুন থেকে বিশিষ্ট ডিরেক্টরদের তাদের স্বপ্নের প্রজেক্ট কে সম্মান দেওয়ার সুযোগটা করে দেয়।

এবছর সিলেকশন হওয়া সমস্ত পরিচালকদের প্রতি আমার অনেক শুভকামনা এবং শুভেচ্ছা রইল আশা রাখি তাদের হাত ধরেই আমাদের এই কর্মযজ্ঞ চালিয়ে যেতে পারবো।

**ধন্যবাদ,**

**বিশাল বিশ্বাস**
**ফেস্টিভ্যাল সম্পাদক**

# কবিতা

## প্রিয়জন
### রাজশ্রী ঘোষ

আপন করে নিয়েছি যখন-

তোমরাই মোর প্রিয়জন,

সবার প্রতি শ্রদ্ধা-ভক্তি-

থাক না বিচার, কি লাভ বা ক্ষতি

মনের সকল চাওয়া পাওয়া,

সোনা ঝরা দিনে ফিরে যাওয়া!

শৈশবের সেই সে মধুর কথা,

ভুলেছি তো সব না পাওয়ার ব্যথা;

কত কিছু মনের আশা--

বোঝানোর মত নেই যে ভাষা;

আগামী দিনে আসুক যতই বাধা,

জীবনে মোর রইবে না দ্বিধা,

যদি প্রিয়জন থাকো মোর পাশে।।

## ধন্যি মেয়ে

### নির্মাল্য বিশ্বাস

কাজের শেষে সেই
মেয়েটাই
একলা হেঁটে ঘরে ফেরে,
যদি কখনো নেকড়ের দল
রাত বিরেতে আসে তেড়ে!
বাপ মায়ের বুক ধুকপুক
কি হয় কি হয়!
ধন্যি মেয়ের সাহস বটে
মনের মাঝে নেই কোন ভয়!
দুর্দম তেজ দীপ্ত চলা,
মুখ গম্ভীর, ভীষণ রাগী।
সুখ বুঝি তার সয় না
কোথাও
কেউ বা বলে, 'ও অভাগী'!
ভয়ডরহীন সেই মেয়েরই
মুখের মাঝে স্নিগ্ধ আভা,
বিপদ কারোর শুনলে পরে
ঝাঁপিয়ে পড়ে যেমনি ভাবা।

সিনেমা ও সাহিত্য
E-mail : cinemashahitto@gmail.com

# কবিতা

## আমি ব্যস্ত

### রূপা তপাদার নন্দী

আমি ব্যস্ত এটা একটা ছোটো কথা কিন্তু কাউকে
অবহেলার করার জন্য যথেষ্ট নয় কি ।আচ্ছা
আপনারা বলুন তো কোনো মানুষ কি দিনে ২৪ ঘন্টা
ব্যস্ত থাকে।
তাহলে যার কাছে তার প্রিয় মানুষটা বা প্রিয় বন্ধুটার
মূল্য আছে সে ২৪ ঘন্টার মধ্যে ২৪ বার খোঁজ নেবে।
কিন্তু যার কাছে যার মূল্য নেই তার কাছে ২৪ ঘন্টাও
কম , এই বাস্তব
আমার কাছে জানতে চাইলে বলো না আসলে কি
জানেন মানুষের কাছে মানুষের গুরুত্ব অনুযায়ী সবটা
নির্ভর করে।
আমাদের কাছে যে মানুষের গুরুত্ব যতটা আমরা ঠিক
তাকে ততটাই ব্যস্ততা দেখাই।
এখন মানুষ মানুষকে অবেহলার করার সহজ উপায়
হলো ব্যস্ত আছি বলা সেটা বন্ধু হোক বা প্রিয় মানুষ।
তাই তো আজ রোজ সম্পর্ক ভাঙ্গার গল্প শুনি ।
বাস্তবে কেউ ব্যস্ত নয় বস।

সিনেমা ও সাহিত্য
E-mail : cinemashahitto@gmail.com



# অন্যদের কথা

## সলীল চৌধুরীর শতবর্ষ উদযাপন




এক ভিন্ন মেজাজের অতুলনীয় সুরকার সলিল চৌধুরীরশতবর্ষ উদযাপন হল কলকাতার চারুবাসনা আর্ট গ্যালারিতে।শনিবার সন্ধ্যায় গানে ও কথায় ‘সুরের সলিলে কয়েকঘন্টা’ মেতেওঠেনকলকাতাবাসী।

আনন্দী কমিউনিকেশান সেন্টার ও রূপসা সাহিত্য পত্রিকার উদ্যোগে উপেন্দ্রকিশোর সভাঘরে সলিল চৌধুরীর স্বর্ন যুগের গান পরিবেশন করেন বিশিষ্ট চিকিৎসক ডক্টর অমিতাভ চন্দ। বৃন্দবাদনের মাধ্যমে ‘আনকাট সলিল’ পরিবেশন করেন শিল্পী ঋত্বিক মিত্র ও সম্প্রদায়। সলিলের জীবন ও কর্মকান্ড নিয়ে আলোচনা ও স্মৃতিকথায় ছিলেন বিশিষ্ট সাহিত্যিক ও সাংবাদিক শংকরলাল ভট্টাচার্য।

উপস্থিত ছিলেন বিশিষ্ট শিল্পী যোগেন চৌধুরী, রাজ্যসভার সাংসদ ও আইনজীবী সুখেন্দুশেখর রায়,টেকনো ইন্ডিয়া গ্রুপের অধ্যাপক মানসী রায়চৌধুরী সহ বহু বিশিষ্ট মানুষ।

## ক্রিয়েটিভ পিক্সসেলের নিবেদনে তৈরী রাজকুমার পালের স্বল্প দৈর্ঘ্যের ছবি "গলু" এবার দেশ বিদেশ পাড়ি দেবে




ক্লাসমেট ভেঞ্চারস তাদের অফিসিয়াল ইউটিউব চ্যানেল এ রিলিজ করে ফেলেছে তাদের নতুন সত্য ঘটনা অবলম্বনে হরর অডিও স্টোরি “ছায়া” অডিও স্টোরিতে কন্ঠ দিয়েছেন কুন্তল বিশ্বাস, অর্পিতা দাস, স্বপ্না দেবনাথ, এবং ঘটনাটি লিখেছেন নবাগত লেখক অরিন্দম মন্ডল। তাছাড়া ব্যবস্থাপনায় ছিলেন আকাশ রায় আর সম্পাদনায় ছিলেন সংস্থার কর্ণধার বিশাল বিশ্বাস।

বিশাল বিশ্বাস জানিয়েছেন আগামীতে বেশ কয়েকটি অডিও স্টোরি আসবে। সেগুলি কাল্পনিক অথবা সত্য ঘটনা অবলম্বনে।

খুব তাড়াতাড়ি তাদের লাবণ্য সিগারেট শর্ট ফিল্ম টি রিলিজ হবে। নতুন শর্ট ফিল্মের শুটিংয়ের প্রস্তুতি শুরু হয়ে গেছে। বলাই বাহুল্য ২০২৫ এ ক্লাসমেট ভেঞ্চারসের সকল দর্শকরা বেশ কিছু নতুন শর্ট ফিল্ম ও অডিও স্টোরি দেখতে পাবে।

# অন্যদের কথা



১২ই জানুয়ারি আমতা বেতাল জয়ন্তী অ্যাথলেটিক ক্লাবে নিয়ে শতকান ট্রাডিশনাল ক্যারাটে-ডু ট্রেনিং ক্যাম্প আয়োজন করেন ।জাপান ট্রাডিশনাল ক্যারাটের বিখ্যাত সুপ্রিম মাস্টার মাসাইকো তানাকা (JTK HQ JAPAN) এবং জাপান ট্রাডিশনাল ক্যারাটের সভাপতি ইউকো তাকাহাসি (JTK HQ JAPAN) তত্ত্বাবোধনে জাপান ট্রাডিশনাল ক্যারাটে ইন্ডিয়া (jtk india) আয়োজন করলো ক্যারাটে-ডু ট্রেনিং ক্যাম্প। এই ট্রেনিং ক্যাম্পে পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে আগত ৪০০ জনের ওপরে ছাত্র-ছাত্রীরা ট্রেনিং নিয়েছে।

অর্গানাইজড করেছে -JTK /shotokan ক্যারাটে-ডু এসোসিয়েশন (STKA)

উদ্যোগ নিয়েছেন প্রেসিডেন্ট শিহান তপন ধারা (jtk india )

ট্রেনিং ক্যাম্পে উপস্থিত ছিলেন বিধায়ক সুকান্ত কুমার পাল,প্রেসিডেন্ট শিহান তপন ধারা,শিহান আমিন আলী,অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গরা এবং ছাত্র -ছাত্রীদের অভিভাবকরা।



ব্লাইন্ড বাচ্চাদের সাথে জন্মদিন পালন করলেন পুতুল ধর।

নিজস্ব প্রতিনিধি সম্পা ঘোষ:৫ই জানুয়ারি পুতুল ধর নিজের জন্মদিন পালন করছেন কোলকাতা ব্লাইন্ড স্কুলের বাচ্চাদের সাথে। এখানে চোখে দেখতে পায়না এমন ১১৪ জন ছাত্র-ছাত্রী থাকে এবং হোস্টেলে থাকে ৮০জন। তাঁরা আবদার করেছে বিরিয়ানি খাবে, সেই আবদার রেখেছেন পুতুল ধর । তিনি বলেন,প্রতিবছরই এই বিশেষ দিনটা কাটান ভগবানের স্পেশাল সন্তানদের সাথে, ওরা চোখে দেখতে পায়না ওদের কাছে এলে মন ভরে যায় , সারাবছর চেষ্টা করি ওদের পাশে থাকার।সকল বাচ্চারা খুশি তাদের প্রিয় দিদি তাদের আবদার রেখেছেন তাদের সাথে কেক কেটেছেন বিরিয়ানি এবং কিছু উপহার দিয়েছেন বাচ্চাদের।পুতুল ধর মানেই আমরা জানি সদা হাস্যময়ী, ধনাত্মক চিন্তাধারার আধার একজন শক্তি ।কখনো আমরা লক্ষ্য করি নিজের জন্মদিন পালন করছেন ব্লাইন্ড স্কুলের বাচ্চাদের নিয়ে আবার কখনো আই-গ্ল্যামের মতো মঞ্চে ঝলসে উঠছে তাঁর প্রতিভা। বিউটি পেজেন্টই হোক কিংবা খাদ্য দপ্তরের কোন গুরুত্বপূর্ণ কাজ,ফ্যাশন গ্যালারিতে র‍্যাম্প শো হোক কিংবা রবি যাপনের কোন অনুষ্ঠান অনবদ্য বিদুষী নারী।অদ্বিতীয়া এবছরের প্রায় শেষলগ্নে পুতুল ধরের হাতে উঠে এসছে বাংলার গৌরবোজ্জ্বল দিন 'লিওনার্দো দ্যা ভিঞ্চি' গৌরবের সম্মানে সম্মানিত হয়েছে। সারাবছর বিভিন্ন সমাজসেবামূলক কাজের সাথে যুক্ত থাকেন এবং ভবিষ্যৎ আরো মানুষের পাশে থাকবেন তিনি।

# অন্যদের কথা



**পূর্ব ভারত KAI ক্যারাটে কাপ ২০২৫**

**৩রা এবং ৪ঠা জানুয়ারি, কলকাতা ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে পূর্ব ভারত KAI ক্যারাটে কাপ অনুষ্ঠিত হয়েছিল। পূর্ব ভারত KAI ক্যারাটে কাপ ২০২৫ এবং ১৫ বছরের নীচে বিশ্ব স্কুল গেমস এবং দক্ষিণ এশিয়া স্কুল গেমসের জন্য নির্বাচনের প্রতিযোগিতা সফলভাবে সম্পন্ন হয়েছে।**

E-mail - cinemashahitto@gmail.com

**এই প্রতিযোগিতাটি ABSKA (অল বেঙ্গল স্পোর্টস ক্যারাটে অ্যাসোসিয়েশন) দ্বারা অত্যন্ত দক্ষতার সাথে সংগঠিত হয়েছিল এবং এটি ছিল একটি বড় সাফল্য, যা বঙ্গ অলিম্পিক অ্যাসোসিয়েশনের সম্মানিত ব্যক্তিত্বদের উপস্থিতিতে উদযাপিত হয়েছিল, উপস্থিত ছিলেন সভাপতি চন্দন রায়চৌধুরী,সম্পাদক জাহার দাস,নির্বাহী সদস্য রঞ্জিত ভট্টাচার্যসহ আরো অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা।তাদের অনুপ্রেরণাদায়ক ভাষণ খেলাধুলার গুরুত্বের উপর গুরুত্বারোপ করে এবং সংগঠন বা ক্লাবের নামের কারণে কোনও প্রতিভা বঞ্চিত হবে না তা নিশ্চিত করে। এই সংস্থা পশ্চিমবঙ্গ, ঝাড়খণ্ড, বিহার, ওড়িশা এবং ছত্তিশগড়ের সমস্ত খেলোয়াড়দের আশীর্বাদ করার জন্য এবং তাদের সমর্থনের জন্য গভীরভাবে কৃতজ্ঞ প্রকাশ করেছেন।এছাড়াও বিশেষ ধন্যবাদ জানিয়েছেন বারাহনগর ১৭ নং ওয়ার্ডের পৌরপ্রধান অঞ্জন পাল এবং KAI সভাপতি ব্যাকুণ্ঠ সিংহ,KAI সম্পাদক যোগেশ কালরা,KAI কোষাধ্যক্ষ অবিনাশ শেট্টি প্রমুখ কে। ঝাড়খণ্ড, বিহার, ওড়িশা এবং ছত্তিশগড়ের সমস্ত অফিস বহনকারী এবং প্রেসিডেন্ট, সেক্রেটারি, ট্রেজারার, অ্যাডমিনিস্ট্রেটিভ সেক্রেটারি, সমস্ত ভাইস প্রেসিডেন্ট, জয়েন্ট সেক্রেটারি, স্টাইল হেড এবং ABSKA-এর জেলা প্রধানদেরও ধন্যবাদ জানিয়েছেন যারা এই অনুষ্ঠানে তাদের সমর্থন প্রদান করেছেন।সকল রেফারি এবং বিচারকদেরও বিশেষ ধন্যবাদ জানিয়েছেন যারা এই প্রতিযোগিতাটিকে স্মরণীয় করার জন্য তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।এই সংস্থার পক্ষ থেকে জানিয়েছেন, আমরা এই অনুষ্ঠানটি একটি স্মরণীয় সাফল্যে পরিণত করেছি। এই ইভেন্টকে সমর্থন করার জন্য সকলকে ধন্যবাদ।**

# নিজস্ব স্মৃতি




গত ১৭ ই জানুয়ারি ২০২৪ কলকাতা প্রেসক্লাবে অনুষ্ঠিত হয়েছিল সিনেমা ও সাহিত্য ম্যাগাজিন এর পরিচালনায় কবিতা উৎসব। এই কবিতা উৎসবে অংশগ্রহণ করেছিল ১০ জন নামি অনামি কবি সাহিত্যিকরা কবিতা উৎসবের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অংশুমান চক্রবর্তী অন্যান্য





**নবমতম  ইন্দো বাংলা আন্তর্জাতিক অনলাইন চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয়েছিল কলকাতা প্রেসক্লাবে এই মঞ্চেই চলচ্চিত্র উৎসব এর সম্পাদক বিশাল বিশ্বাসকে স্মারক প্রদান করছেন প্রবীণ অভিনেতা বোধিসত্ত্ব মজুমদার এবং অভিনেতা অভিক ভট্টাচার্য ও চান্দ্রিয়া বন্দ্যোপাধ্যায় ।**

**OSF প্রযোজিত শ্রীদাস পরিচালিত এবং প্রতীক কর্মকার এর সংগীত পরিচালনায় বাংলা মিউজিক ভিডিও অ্যালবাম ""ছুঁয়ে যা"" যেখানে অভিনয় দেখা যাবে স্বয়ং শ্রীদাস কে মিউজিক ভিডিও অ্যালবামটি গলা মিলিয়েছে প্রতীক এবং এই রেঁনেসা**



১০ তম ইন্দো বাংলা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ২০২৪ অনুষ্ঠিত হলো কলকাতা শ্যামবাজার সিরাম অডিটোরিয়ামে। এই উৎসবে উপস্থিত ছিলেন উদ্বোধক পদ অলংকৃত করেছেন অভিনেতা রঞ্জন ভট্টাচার্য এবং উপস্থিত ছিলেন ও এস এফ এর সি ই ও শ্রী দাস । একই যোগে উপস্থিত সকল চলচ্চিত্র পরিচালকরা হাতে হাত মিলিয়ে প্রদীপ প্রজ্জলনের মাধ্যমে এদিন অনুষ্ঠানের শুভ সূচনা হয়। এই চলচ্চিত্র উৎসবে মোট ৫২ টি ছবি জমা পড়েছে তার মধ্যে বাছাই করে ২৪ টি ছবির সাথে মিউজিক ভিডিও অ্যালবাম প্রদর্শিত হয়েছে। চলচ্চিত্র উৎসবের টেকনিক্যাল পার্টনার এবং ফেস্টিভ্যাল সেক্রেটারি বিশাল বিশ্বাস এর বিশেষ বার্তায় জানিয়েছেন এই দশতম চলচ্চিত্র উৎসব এবছর আমরা যেভাবে অনুষ্ঠিত করেছি আগে হয়তো সেরকমভাবে করা হয়নি এর থেকে আরও ভালো কিছু করার চেষ্টা আমরা করছি এ বছর চলচ্চিত্র উৎসবে আমরা অফলাইন এর পাশাপাশি অনলাইনের মাধ্যমে চলচ্চিত্র প্রদর্শন করছি যাতে দর্শক তারা ঘরে বসে মুঠোফোনে দেখতে পারে কারণ ছবি দেখার মানুষ আছে অনেক ।

আমাদের এই চলচ্চিত্র উৎসব আরো অনেক দূর এগিয়ে নিয়ে যাব এই আশা করি। ইন্দো বাংলা চলচ্চিত্র উৎসবের আধিকারিক শ্রী দাস ওরফে রাজু দাস জানান যে বিশেষ কিছু কারণবশত এবছর বাংলাদেশ থেকে চারটে ছবি জমা পড়েছিল সেই চারটে ছবি আমরা বাতিল করেছি এবং আমরা এটাও জানিয়েছি যে আমাদের দেশ এবং বাংলাদেশের মধ্যে পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত আমরা কোন রকম ভাবেই চলচ্চিত্র উৎসবে বাংলাদেশ কে জায়গা দিতে পারব না। আজ অনুষ্ঠানে চলচ্চিত্র পরিচালকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো তারা অনেক কষ্ট করে চলচ্চিত্র উৎসব এ অংশগ্রহণ করে সাথে তাদের যে চলচ্চিত্রগুলো খুব সুন্দর ভাবে তারা তৈরি করে। তাদের জন্যই আমাদের এই আই বি আই এফ এফ এর প্ল্যাটফর্ম। আশা করি আগামী দিন আরো অনেক কিছু আমরা সকলে মিলে কাঁদে কাঁদে মিলিয়ে এগিয়ে যেতে পারবো।





সারা বছর osf বিভিন্ন কাজ দর্শকদের উপহার দেয়, শর্টফিল্ম, টেলিফিল্ম, গানের অ্যালবাম, ফটোশুট, ফ্যাশন শো, অ্যাওয়ার্ড শো, চলচ্চিত্র উৎসব। বছর শেষের আগে সম্পূর্ণ পারিবারিক অন্য স্বাদের গল্প নিয়ে খড়দহ কান্তিদেবী পান্ডের বাড়িতে 'মিত্র বাড়ি'র শুটিং হলো।নতুন বছরে চমক নিয়ে আসতে চলেছে osf, টিভির পর্দায় osf প্রযোজিত ধারাবাহিকআসবে।এই টেলিফিল্ম-এর কাহিনী,চিত্রনাট্য সংলাপ ও পরিচালনায় ছিলেন শ্রী দাস। চিত্রগ্রহণ-চন্দন দেবনাথ। সৃজনশীল পরিচালনায়-সুদীপ নাগ ও প্রলয় সেনগুপ্ত। সম্পাদনা বিশাল বিশ্বাস। অভিনয়ে মানিক সিংহ,বিজলি সরকার,সুজিত, সুজয় পান্ডে,সবুজ,চন্দনা রায়, তাথৈ, মৌ, অভিষেক, পারমিতা।

আনুমানিক খ্রিষ্টীয় সপ্তম শতাব্দীর মাঝামাঝি বাংলা ভাষায় সাহিত্য রচনার সূত্রপাত হয়।বর্তমানে বাংলা সাহিত্য বিশ্বের একটি অন্যতম, সমৃদ্ধ সাহিত্যধারা হিসেবে পরিগণিত হয়ে থাকে।এই প্রজন্ম ধীরে ধীরে সাহিত্য চর্চা ভুলতে বসেছে। রবীন্দ্রনাথ ঠাকুর , শরৎচন্দ্র চট্টোপাধ্যায়সহ বিখ্যাত সাহিত্যিকদের গল্প নিয়ে বাংলা সাহিত্যর সাথে নতুন করে পরিচয় করাবে OSF।আগামী বছরের শুরুতেই ফ্রেন্ডস টিভি'র পর্দায় আসতে চলেছে পাঁচ দিনের সাহিত্য। সোম থেকে শুক্রবার পাঁচদিন সাহিত্য নিয়ে গল্প আসছে টিভির পর্দায়।

উপস্থিত ছিলেন OSF-এর কর্ণধার শ্রী দাস,ফ্রেন্ডস টিভির CEO চান্দ্রেয়ী ভট্টাচার্য, পরিচালক সুদীপ নাগ, প্রলয় সেনগুপ্ত,অভিনেতা মানিক সিংহ, সুজয় পান্ডে, সবুজ বিশ্বাস, প্রিয়াঙ্কা দে,বিজলী সরকার OSF-এর অন্যান্য সদস্যরা উপস্থিত থেকে গনেশ বন্দনা করে শুভ সূচনা করলে



OSF ইংরেজি নববর্ষের ক্যালেন্ডার শুট হয়ে গেল ও এফ এফ এর নিজস্ব স্টুডিওতে । এবছরের এক অভিনব ক্যালেন্ডার  শুট করলো। যেখানে ছিল না কোন বয়সের মানা।এই শুট  হল মোট ১২ জনকে নিয়ে । ঝারখান্ড বর্ধমান সহ কলকাতার বিভিন্ন জায়গা থেকে এই ১২ জন মডেল এসেছিল শুট এর  জন্য। ফটোগ্রাফি দায়িত্বে ছিল অমিত মুখার্জি এবং মেকআপ আর্টিস্টের দায়িত্বে ছিল সুমিত সুপূ। অংশগ্রহণকারীরাতারা এই শুট করে খুবই খুশি।আগামী ২১ তারিখে ক্যালেন্ডার প্রকাশ হতে চলেছে



মডেল- সবুজ বিশ্বাস
মেকআপ - সুমিত সুপূ
ফটোগ্রাফার- অমিত মুখার্জি

মডেল- সুদীপ্তা বিজলী
মেকআপ - সুমিত সুপূ
ফটোগ্রাফার- অমিত মুখার্জি





মডেল- রাজশ্রী ঘোষ
মেকআপ - সুমিত সুপূ
ফটোগ্রাফার- অমিত মুখার্জি

মডেল- প্রাণহরি রায় সরকার
মেকআপ - সুমিত সুপূ
ফটোগ্রাফার- অমিত মুখার্জি





মডেল- সুজয় পান্ডে
মেকআপ - সুমিত সুপূ
ফটোগ্রাফার- অমিত মুখার্জি

মডেল- আলপনা মজুমদার সাহা
মেকআপ - সুমিত সুপূ
ফটোগ্রাফার- অমিত মুখার্জি



মডেল- শুভ্রা চ্যাটার্জি
মেকআপ - সুমিত সুপূ
ফটোগ্রাফার- অমিত মুখার্জি



মডেল-পূজা মণ্ডল
মেকআপ - সুমিত সুপূ
ফটোগ্রাফার- অমিত মুখার্জি





OSF
ওম স্বস্তি ফিল্মস প্রযোজিত
শিখা দাস নিবেদিত
মিত্র বাড়ি
পরিচালনায়- শ্রী দাস
চিত্রগ্রহণ–চন্দন দেবনাথ। সৃজনশীল পরিচালনায়–সুদীপ নাগ ও প্রলয় সেনগুপ্ত। সম্পাদনা –বিশাল বিশ্বাস।
রূপসজ্জা- সুমিত সুপু
অভিনয়ে –মানিক সিংহ,বিজলি সরকার,সুজিত, সুজয় পান্ডে,সবুজ,চন্দনা রায়, তাথৈ, মৌ, অভিষেক, পারমিতা।




**Publisher :FSFL MAGAZINE Published from BARASAT, Howrah and Printed form Mantradnp**

**Owner: Sree DAS ( Raju) ,Sub- Editor :Bishal Biswas,N/92, Ekdil Sha Road, Barasat, Kolkata- 7000125, Contact No. : 8013183765 / 9674933641 l Email :- cinemasahitto@gmail.com**

**VISIT:- www.fsflmagazine.in**